(একই স্মারক ও তারিখে পুনঃস্থলাভিষিক্ত)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা
controller@rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/জুনিয়র বৃত্তি-২০২৬/পনি-৫০ তারিখ : ২৭ আগস্ট ২০২৬

## ২০২৬ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষা সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন মঞ্জুরী/একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র বৃত্তি পরীক্ষার **Online**-এ ফরম পূরণের নির্ধারিত এবং প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমা দেয়ার নিয়মাবলীসহ তারিখ নিম্নরূপে নির্ধারণ করা হ'ল।

১। রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.rajshahieducationboard.gov.bd) এ প্রতিষ্ঠান **Login** এ প্রবেশ করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **eSIF/eFF(JSC)** এ **click করুন, eSIF Configure** এ **click করুন**। শিক্ষার্থীদের ৬ষ্ঠ শ্রেণির ২০২৪ সেশনের রোল, বোর্ড, রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি করে সার্চ করলে শিক্ষার্থীর তথ্য প্রদর্শিত হবে। ছবি সংযোজন করে Next/Save সংরক্ষণ করতে হবে। একইভাবে জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে এমন ছাত্র/ছাত্রীদের তথ্য সংযোজন করে সোনালী সেবা তৈরী করতে হবে(নির্দেশনা সংযুক্ত করা হলো)।

২। ২০২৬ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র বৃত্তি পরীক্ষার ফরম পূরণের জন্য নতুন কোন **Password** দেয়া হবে না। নিবন্ধনের সময় সরবরাহকৃত **Password**-ই ফরম পূরণের **Password** হিসেবে ব্যবহার করতে হবে।

৩। সোনালী সেবার রশিদ ও পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপি এবং অন্যান্য কাগজপত্র জমাদানের বিবরণ :

৪। **ফি জমার সর্বশেষ তারিখ : ১৩/০৯/২০২৬।**

(ক) পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী- ৪০০.০০ (চারশত) + কেন্দ্র ফি- ২০০.০০ (দুইশত) মোট = ৬০০.০০ (ছয়শত) টাকা (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে ২০০.০০ (দুইশত) টাকা কেন্দ্র ফি প্রদান করতে হবে)।

(খ) **Online**-এ ফরম পূরণ **(eFF)**: ০১/০৯/২০২৬ তারিখ হতে ১২/০৯/২০২৬ তারিখ পর্যন্ত।

৫। **পরীক্ষার মাধ্যম:** বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক- এর দপ্তরে হাতে হাতে ১৫/১০/২০২৬ খ্রি.-এর মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোনো অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৬। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন:** কোন অবস্থাতেই এক প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা-মাতা/অভিভাবকের বদলীর/যুক্তিসংগত অন্য কোন কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৬-এর নীতিমালার আলোকে তার ফরম পূরণ করতে হবে।

৭। <u>পরীক্ষায় অংশগ্রহণের বিষয়</u> : নিম্নের ৫ (পাঁচ) টি বিষয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:

| | |
|---|---|
| ১) বাংলা (১০১) | পূর্ণমান- ১০০ |
| ২) ইংরেজি (১০৭) | পূর্ণমান- ১০০ |
| ৩) গণিত (১০৯) | পূর্ণমান- ১০০ |
| ৪) বিজ্ঞান (১২৭) | পূর্ণমান- ৫০ |
| ৫) বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (১৫০) | পূর্ণমান- ৫০ |

৮। জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৬-এর নীতিমালা এবং বোর্ড থেকে প্রকাশিত বৃত্তি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে ৮ম শ্রেণির বৃত্তি শিক্ষার্থীদের ফরম পূরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৯। জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৬-এর ফরম পূরণ স্থগিত এবং সময় হ্রাস/বৃদ্ধির ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**প্রফেসর ইফফাত জেরীন** ৪.৭.২৬
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৬২৩১

স্মারক নম্বর- রাশিবো/জুনিয়র বৃত্তি-২০২৬/পনি/১/১৩৪৩ — তারিখ : ২৭ আগস্ট ২০২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. ডি.আই.জি, রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ,রাজশাহী
৫. পুলিশ কমিশনার, রাজশাহী
৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৭. জেলা প্রশাসক, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৮. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
১০. প্রধান শিক্ষক, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:
১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(স্ক্রিপ্ট ও গোপনীয়/মাধ্যমিক/উমা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৪. অফিস কপি

**মো. জাহিদুর রহিম**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

I:\All_Section\JSC_Section\094